দৈনিক বাংলা

তারিখ ... 30.4.78 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...

# ঢাকার ৫৪টি স্কুলের প্রতিটির জন্য সোয়া লাখ টাকা বরাদ্দ

ঢাকা নগরীর বন্যাদুর্গত এলাকায় অবস্থিত ১৭টি মাধ্যমিক বিদ্যালয় ও ৩৭টি প্রাথমিক বিদ্যালয়ের প্রত্যেকটির জন্যে ১ লাখ ২৫ হাজার টাকা করে বরাদ্দ করা হয়েছে।

বাসসর খবরে প্রকাশ, বরাদ্দকৃত অর্থের অর্ধেক অবিলম্বে দেয়া হবে। এ টাকা দেয়া হবে বন্যাদুর্গত এলাকার

(শেষের পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## টাকা বরাদ্দ

(১ম পৃঃ পর)

জনগণের জন্যে প্রেসিডেন্টের তহবিল থেকে। বাকী অর্থ দেয়া হবে শিক্ষা মন্ত্রণালয়ের ১৯৭৮-৭৯ সালের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা খাত থেকে।

উল্লেখ্য, ঢাকা নগরীর শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে শিফট প্রথা চালু করার সম্ভাব্যতা পরীক্ষার জন্য সরকার সম্প্রতি যে কমিটি নিয়োগ করেন, তাদের সুপারিশ অনুযায়ী ওই অর্থ বরাদ্দের সিদ্ধান্ত নেয়া হয়।